# কোভিড-19 উইন্টার প্ল্যান: সার-সংক্ষেপ

এটি **সরকারের কোভিড-19 বিষয়ক উইন্টার প্ল্যান**-এর সার-সংক্ষেপ।

পূর্ণ সংস্করণ - যাতে ভাইরাস দমন, এনএইচএস এবং ঝুঁকিপূর্ণদের সুরক্ষিতকরণ, শিক্ষা এবং অর্থনীতিকে চলমান রাখা এবং স্বাভাবিক অবস্থায় ফিরে যাওয়ার পথ বের করার জন্য আমাদের কর্মসূচিটি পরিপূর্ণভাবে বর্ণিত রয়েছে- তা এখানে পাওয়া যাবে:

**সরকারের উদ্দেশ্য**

1. সরকারের কৌশলটি তিনটি উদ্দেশ্য দ্বারা পরিচালিত হবে:
    a. সংক্রমণ সীমিত করা।
    b. ভাইরাসটিকে সামলানোর জন্য নতুন এবং আরও কার্যকর উপায়গুলো সন্ধান এবং জীবনযাত্রা স্বাভাবিকের কাছাকাছি অবস্থায় ফিরিয়ে আনা সম্ভব করা।
    c. অর্থনীতি ও সমাজ, চাকরি ও জীবিকার ক্ষয়-ক্ষতি হ্রাস করা। এবং নার্সারি, স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষার নিরাপত্তা নিশ্চিত করা।

**স্বাভাবিক অবস্থায় ফেরার পথ**

2. আসন্ন মাসগুলোতে সরকার অর্থনৈতিক ও সামাজিক বিধিনিষেধের উপর নির্ভরশীলতা কমিয়ে বৈজ্ঞানিক অগ্রগতির মাধ্যমে পাওয়া সমাধানগুলোর উপর বেশি নির্ভর করতে পারবে।

3. **জীবনযাত্রা যতটা সম্ভব স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনা নিশ্চিত করার জন্য সরকারের এই পরিকল্পনার কেন্দ্রবিন্দুতে রয়েছে ভ্যাকসিন।** সরকার সাতটি বিভিন্ন ভ্যাকসিন উদ্ভাবকদের সাথে চুক্তিতে যাওয়ার ঘোষণা করেছে যার মাধ্যমে যুক্তরাজ্য জুড়ে 350 মিলিয়নেরও বেশি পরিমাণ ডোজ প্রাপ্তি নিশ্চিত করা হয়েছে। আগামী মাসে সরকার যুক্তরাজ্য জুড়ে টিকা প্রদান কর্মসূচী শুরু করার জন্য প্রস্তুত হয়ে যাবে যদি নিয়ন্ত্রকরা ভ্যাকসিনগুলোর অনুমোদন প্রদান করেন।

4. জনগণের নিরাপত্তার কথাই সর্বদা সবার আগে ভাবা হবে। ক্লিনিক্যাল ট্রায়ালের মধ্য দিয়ে নিরাপত্তা, কার্যকারিতা ও গুণমানের কঠোর মানদণ্ড পূরণ করতে পারলেই কেবল কোভিড-19-এর ভ্যাকসিনের অনুমোদন দেওয়া হবে।

5. **কোভিড-19-এর কার্যকর চিকিৎসা যুক্তরাজ্য ও বিশ্বজুড়ে ভ্যাকসিন প্রদান শুরু করা হলেও ভাইরাস সামাল দেওয়ার ক্ষেত্রে জরুরীই থেকে যাবে,** এটা তাদের জন্যও বটে যাদেরকে রোগ প্রতিরোধের জটিলতা থাকার কারণে টিকা প্রদান করা সম্ভব হবে না। কার্যকর চিকিৎসার অনুসন্ধান যারা ভাইরাসে সংক্রমিত হবেন তাদের জীবনের ঝুঁকি ও গুরুতর অসুস্থতা হ্রাস করবে এবং তাদেরকে স্বাভাবিক জীবনে ফিরে যেতে সাহায্য করবে।

6. কমিউনিটি ভিত্তিক পরীক্ষার একটি সুদৃঢ় কর্মসূচী আমাদেরকে সেইসব মানুষদের চিহ্নিত ও আইসোলেট করতে সহায়তা করবে; যাদের লক্ষণ নেই কিন্তু নিজের অজান্তেই তারা ভাইরাস ছড়াচ্ছেন। সেইসাথে

সরকার এনএইচএস-এর সম্মুখ সারির কর্মীদের জন্য দ্রুত নিয়মিতভাবে রেপিড টেস্টিং, সামাজিক সেবা আর অন্যান্য উচ্চ ঝুঁকি বা গুরুতর প্রকৃতির ব্যবস্থা গ্রহণ করবে।

7. কোভিড -19 উপসর্গ সম্পন্নদের পরীক্ষা করার সক্ষমতা ছয় মাসে প্রায় পাঁচগুণ বেড়েছে; যা এপ্রিলের শেষ দিকের প্রতিদিনকার 100,000 থেকে অক্টোবরের শেষের দিকে বৃদ্ধি পেয়ে প্রতিদিন 500,000-তে পৌঁছেছে, যখন এটি বছরের শেষের দিকে আরও বৃদ্ধি করার পরিকল্পনা রয়েছে। **এটি যুক্তরাজ্যের সর্বত্র নাগরিকদের জন্য পাওয়া যায়** বর্ধিত নেটওয়ার্কে সংখ্যা এবং ব্যবস্থাপনাগত জটিলতা বৃদ্ধি পাওয়া সত্ত্বেও সরকার এই টেস্টগুলোর ফলাফল প্রদানের সময় কমিয়ে আনতে কাজ করে যাচ্ছে।

## ভাইরাস নিয়ন্ত্রণ

8. উপরে বর্ণিত বৈজ্ঞানিক অগ্রগতিগুলি স্বাভাবিক অবস্থায় ফিরে যাওয়ার পথ বের করেছে এবং এতে করে বসন্তে অর্থনৈতিক ও সামাজিক বিধিনিষেধের প্রয়োজনীয়তা হ্রাস পাওয়ার কথা। তবে এগুলো প্রয়োগ না করা পর্যন্ত সরকারকে ভাইরাস দমন করার জন্য অন্যান্য ব্যবস্থা ব্যবহার করা চালিয়ে যেতে হবে।

## ইংল্যান্ডে লক্ষ্যানুগ পন্থা

9. কোভিড-19 বিষয়ক উইন্টার প্ল্যানটিতে আমরা **কীভাবে 2 ডিসেম্বর তারিখে ইংল্যান্ডে দেশব্যাপী নিষেধাজ্ঞা তুলে নেব সেটিও নির্ধারণ করা রয়েছে।** এটি কেবলমাত্র ইংল্যান্ডে বর্তমান বিধিনিষেধের সময় সকলের প্রচেষ্টা ভাইরাসের বিস্তারকে কমিয়ে দিয়েছে এবং এনএইচএস-এর উপর চাপ কমিয়ে দিয়েছে বলেই সম্ভব হয়েছে।

10. **2 ডিসেম্বর তারিখে সমগ্র ইংল্যান্ড জুড়ে স্তর নির্বিশেষে**:

    a. বাড়িতে থাকার আবশ্যিকতা শেষ হওয়ার পাশাপাশি প্রতিটি স্তরের জন্য থাকা নির্দেশনা অনুসারে ভ্রমণের অনুমতি পুনরায় প্রদান করা হবে।

    b. দোকান-পাট, ব্যক্তিগত পরিচর্যা, জিম ও আরও বিশদ প্রকৃতির অবকাশ খাত আবার খোলা হবে।

    c. সম্মিলিত উপাসনা, বিবাহ এবং আউটডোরের খেলাধুলা পুনরায় শুরু করা যাবে।

    d. কাউকে আর বাইরের সর্বজনীন স্থানে শুধুমাত্র একজনের সাথে দেখা করাতেই সীমাবদ্ধ থাকতে হবে না - পূর্বতন স্তর বিন্যাসের মত এখন বাইরের ক্ষেত্রেও 6-এর নিয়ম প্রযোজ্য হবে।

11. **তবে**, **ভাইরাস এখনো রয়ে গেছে এবং যদি আমরা সতর্ক না হই তবে ভ্যাকসিন এবং কমিউনিটি টেস্টিং কাজ হওয়ার আগেই অবস্থা দ্রুতই নিয়ন্ত্রণের বাইরে চলে যেতে পারে।** এটি দেশে যে অগ্রগতি হয়েছে সেটিকে ঝুঁকিতে ফেলে দিবে আর আবারও এনএইচএস-এর উপর অসহনীয় চাপ ফেলবে এবং গুরুত্বপূর্ণ অপারেশন থেকে চাপের দরুন নন-কোভিড রোগীরা বাদ পড়তে শুরু করবেন।

12. **এই কারণেই 2 ডিসেম্বর তারিখে ইংল্যান্ড আবার একটি আঞ্চলিক**, **স্তর ভিত্তিক পদ্ধতিতে ফিরে যাবে** – কারণ যে অঞ্চলগুলোতে সংক্রমণের মাত্রা সর্বাধিক হতে দেখা যাচ্ছে সেগুলোতে কঠোর ব্যবস্থা গ্রহণের লক্ষ্য রাখাটাই সঠিক হবে।

13. **ভাইরাস নিয়ন্ত্রণে রাখতে প্রতিটি স্তরে আরো কঠোর পদক্ষেপ নেওয়া হবে**:

   a. ১ম স্তরে, সরকার সম্ভাব্য সবখানে বাড়িতে থেকে কাজ করার গুরুত্বের উপর আরো জোর দিবে।
   b. স্তর 2-এ, পাব এবং বারগুলি অবশ্যই বন্ধ রাখতে হবে, যদি কিনা তারা রেস্টুরেন্ট হিসেবে সেবা না দেয় আর আতিথেয়তার ভেন্যুগুলোতে কেবল পর্যাপ্ত পরিমাণে খাদ্যের সাথেই শুধু অ্যালকোহল পরিবেশন করা যাবে।
   c. 3য় স্তরে, সরবরাহ, টেকঅ্যাওয়ে আর ড্রাইভ-থ্রু বাদে সব ধরনের অতিথি সেবা বন্ধ থাকবে এবং অন্যান্য সুযোগ-সুবিধা প্রদানকারীরাও অবশ্যই বন্ধ থাকবে (যদি না কাজের সুবাদে মানুষের অবস্থান করা বা তাদের বাড়িতে ফিরতে না পারার মতো সুনির্দিষ্ট কোন কারণে অব্যাহতি দেওয়া হয়); আর সেইসাথে ইনডোর বিনোদন ও পর্যটক ভেন্যুগুলোও বন্ধ থাকবে।

14. **সরকার পূর্ববর্তী স্তরগুলোর ক্ষেত্রেও পরিমার্জন করবে**:

   a. অতিথি সেবা কার্যক্রম 10টায় বন্ধ করার বিষয়টি বদলে রাত 10টায় শেষ অর্ডার গ্রহণ এবং রাত 11টায় বন্ধ করার নিয়ম করা হয়েছে। এতে গ্রাহকরা ধীরে ধীরে প্রস্থান করার সুযোগ পাবেন এবং আরো বেশি শিথিলতা পাবেন।

   b. ১ম বা 2য় স্তরে দর্শকের জন্য খেলাধুলা এবং ব্যবসায়িক অনুষ্ঠানগুলো এখন ধারণ ক্ষমতা সীমা এবং সামাজিক দূরত্ব মেনে কক্ষের অভ্যন্তরে বা বাইরে আবার শুরু করা যাবে থিয়েটার এবং কনসার্ট হলগুলিতে ইনডোর অনুষ্ঠানে আরো ধারাবাহিকতা রেখে।

   c. সরকার 'সাপোর্ট বাবলগুলোর' যোগ্যতার সম্প্রসারণ করছে। এটি 1 বছরের কম বয়সী (বা 5 বছরের কম বয়সী এবং নিয়মিত পরিচর্যার প্রয়োজন হয় এমন অসমর্থতা সম্পন্ন) শিশুদের বাবা মায়ের এবং গুরুতর অসমর্থতা সম্পন্ন কারো পরিচর্যা প্রদানকারী একক প্রাপ্তবয়স্ক আছেন এমন বাড়িগুলোর উপর থেকে বিধিনিষেধের প্রভাব প্রশমিত করতে সাহায্য করবে।

15. **এই স্তরগুলো সংক্রমণের বিস্তার দমন করার উদ্দেশ্যে তৈরি করা হয়েছে** এবং সে কারণে বিভিন্ন অঞ্চলের স্তরের মাত্রা কমিয়ে আনায় সহায়তা করে থাকে। 2 ডিসেম্বর তারিখে প্রতিটি অঞ্চল কোন কোন স্তরের অন্তর্ভুক্ত হবে আর কীভাবে তারপর থেকে এই অঞ্চলগুলো এক স্তর থেকে অন্যটিতে যাবে, সরকার তা নির্ধারণ করবে। এটি ভাইরাসটির মাত্রা, বৃদ্ধি এবং এনএইচএস-এর সক্ষমতার মতো সুস্পষ্ট সূচকগুলির উপর ভিত্তি করে করা হবে।

16. বর্তমানে থাকা দেশব্যাপী পদক্ষেপগুলোর চেয়ে কম সীমাবদ্ধতার হলেও **সরকার 3য় স্তরে থাকা মানুষ ও ব্যবসাগুলোর জন্য এই পদক্ষেপগুলো কতটা কঠিন হবে তা বোঝে,** বিশেষ করে দেশের সেই অঞ্চলগুলোতে যেগুলো সামার থেকে কোনো না কোনো ধরনের নিষেধাজ্ঞার আওতায় রয়েছে। এজন্য সরকার মূল পরীক্ষার ব্যবস্থার পরিবর্ধনের পাশাপাশি উচ্চ ঝুঁকিপূর্ণ স্থানে আরও বেশি লক্ষ্যানুগ পরীক্ষার জন্য কমিউনিটি টেস্টিং-এর পুরোটা জুড়ে স্থানীয় কর্তৃপক্ষকে একত্রে কাজ করার সুযোগ দেবে। পরীক্ষায় যাদের পজিটিভ ফল এসেছে তাদের সেলফ-আইসোলেশন-এর পাশাপাশি পরীক্ষার এই প্রকৃতির

জোরদার সম্প্রসারণ কঠোর ব্যবস্থা থেকে বিভিন্ন স্থানের বেরিয়ে আসার জন্য নতুন এক অত্যাবশ্যক ব্যবস্থা

17. সরকার পদক্ষেপ নেওয়া সত্ত্বেও অর্থনীতি ও লোকজনের জীবিকার উপর প্রভাব তীব্র হয়েছে। এই কারণেই করোনাভাইরাস জব রিটেনশন স্কীম, সেলফ-এমপ্লয়মেন্ট ইনকাম সাপোর্ট পরিকল্পনার পাশাপাশি ব্যবসাগুলোর জন্য একাধিক সহায়ক পরিকল্পনার মাধ্যমে যুক্তরাজ্যের চারটি রাজ্য জুড়ে অর্থনীতিকে সহায়তা করা এবং চাকরি সুরক্ষিত রাখায় দ্রুত পদক্ষেপ নিয়েছে।

**ক্রিসমাস ও তারপর**

18. ক্রিসমাস যে সারা যুক্তরাজ্যে অনেকের জন্য বছরের একটি গুরুত্বপূর্ণ সময়, সরকার তা বোঝে। **ধর্মবিশ্বাস নির্বিশেষে, ক্রিসমাসের সময়টি স্কুল এবং অফিস বন্ধ থাকে বলে অনেকেই পরিবার এবং বন্ধুবান্ধবের সাথে সময় কাটায় এবং ব্যাঙ্কের ছুটিতে লোকজন নানা স্থানে ভ্রমণ করতে যায়।**

19. এবছর ক্রিসমাস ভিন্নতর হবে, তবে আমরা নিশ্চিত করবো যেন লোকেরা তাদের প্রিয়জনের সাথে দেখা করতে পারে। আমরা ক্রিসমাসের সময়টিতে পরিবারগুলোকে সারা যুক্তরাজ্যে মিলিত হওয়ার সুযোগ করে দিতে নিষেধাজ্ঞায় সীমিত সময়ের জন্য পরিবর্তন আনতে স্কটল্যান্ড, উত্তর আয়ারল্যান্ড ও ওয়েলস-এর **ডিভলভড অ্যাডমিনিস্ট্রেশন-এর সাথে একটি সাধারণ পদ্ধতির বিষয়ে ঐক্যমত্যে পৌঁছেছি।**

20. **প্রত্যেকের জন্য এই বছরটি কঠিন ছিলো বলে প্রিয়জনের সাথে সময় কাটানোটা আরও বেশি গুরুত্বপূর্ণ হয়ে উঠবে।** এই কারণে সরকার ক্রিসমাসের সময় প্রত্যেকের জন্য কিছুটা বাড়তি সামাজিক ঘনিষ্ঠতার অনুমতি দিবে (নিরাপদে কীভাবে উদযাপন করা যায় সে সম্পর্কিত নির্দেশনার সহায়তাসহ)। প্রত্যেকেরই তাদের প্রিয়জন, বিশেষ করে তাদের মধ্যে সবচেয়ে ঝুঁকিপূর্ণদের সুরক্ষার্থে ঝুঁকি প্রশমনে নির্দেশনার অনুসরণ নিশ্চিত করা উচিত।

21. **সব ধর্মের লোকেরা এবছর যে উল্লেখযোগ্য ত্যাগ স্বীকার করেছেন, সরকার তা অবগত রয়েছে;** বেশ কয়েকটি ধর্মীয় উদযাপন এবং পালনের উপর নিষেধাজ্ঞা কার্যকর হয়েছে এবং এই সকল ক্ষেত্রে ত্যাগের কারণেই ভাইরাস নিয়ন্ত্রণ করা সম্ভব হয়েছে। তিনটি স্তরের সকল ধর্মবিশ্বাসের ক্ষেত্রেই সাম্প্রদায়িক উপাসনা করা এখন সম্ভব এবং ধর্মীয় অনুশীলনকে যতটা সম্ভব নিরাপদ করা সম্পর্কে পরামর্শ দিয়ে এই ধর্মগুলোর নেতারা মূল ভূমিকা পালন করা অব্যাহত রাখবেন।

22. **এটি ঝুঁকি-মুক্ত হবে না**: কোভিড-19 বছরের শেষ অবধি এবং 2021 সালেও যুক্তরাজ্যের জনগণের জন্য একটি সত্যিকারের হুমকি হয়ে থেকে যাচ্ছে। এর অর্থ হলো "স্বাভাবিকভাবে" ক্রিসমাস উদযাপন করা সম্ভব হবে না। অন্যান্য পরিবারের সাথে সাক্ষাত করাটা কোভিড-19-এ আক্রান্ত হওয়ার আর অন্যদেরকে আক্রান্ত করার ঝুঁকি বৃদ্ধি করবে। ক্রিসমাসের সময় ভাইরাসটির বিস্তার সীমাবদ্ধ রাখতে, আমাদের প্রিয়জনদের সুরক্ষিত রাখতে এবং ঝুঁকিপূর্ণদের ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বন করতে আমাদের প্রত্যেককে ব্যক্তিগতভাবে দায়িত্ব নিতে হবে। আমাদেরই প্রত্যেকেরই যথাযথ সময়ে পরীক্ষা করানো, অন্যদের সুরক্ষার্থে সেলফ-আইসোলেট করা, মুক্ত বাতাসের মূল্য মনে রাখা আর হাত, মুখ, দূরত্ব বজায় রাখার মাধ্যমে একে অন্যকে সুরক্ষা প্রদান অব্যাহত রাখাটা খুবই জরুরী

**সঠিক আচরণ বজায় রাখা**

23. ভাইরাসকে দমন করার সবচেয়ে গুরুত্বপূর্ণ পথ হলো আমাদের সঠিক আচরণগুলি অনুসরণ করা চালিয়ে যাওয়া।

24. যার মধ্যে রয়েছে কমপক্ষে 20 সেকেন্ডের জন্য ঘন ঘন হাত ধোয়া, মুখে আবরণ পরা আর আবদ্ধ জায়গায় পর্যাপ্ত বিশুদ্ধ বাতাস থাকা নিশ্চিত করা, সামাজিক দূরত্ব বজায় রাখা আর সংক্রমিত হওয়ার সন্দেহ হলে বা নিশ্চিত হওয়া গেলে সেলফ-আইসোলেশনে যাওয়া।

25. যুক্তরাজ্যের জনগণ নিঃসন্দেহে এই আচরণগুলি এমনকি সামাজিক ও অর্থনৈতিক কঠিন দশার কারণ হওয়ার পরও সেগুলো অবলম্বন করে ভাইরাসটির বিস্তার হ্রাস করতে সহায়তা করেছে।

26. এই আচরণগুলি শীতের মধ্যে ঠিক ততটাই গুরুত্বপূর্ণ থেকে যাবে এবং আমাদের সকলকে অবশ্যই আমাদের ভূমিকা পালন করে যেতে হবে।